# সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের দ্বিতীয় ধাপের বিজ্ঞপ্তি প্রকাশ, নিয়োগ পাবেন ৪১৬৬ জন

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১৩ নভেম্বর ২০২৫, ১০:০০

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের দ্বিতীয় ধাপের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ডিপিই)। এই ধাপে ঢাকা ও চট্টগ্রাম বিভাগের বিদ্যালয়গুলোর জন্য মোট ৪ হাজার ১৬৬টি শূন্য পদে শিক্ষক নিয়োগ দেওয়া হবে।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

বুধবার (১২ নভেম্বর) রাতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হয়। এতে বলা হয়েছে, দ্বিতীয় ধাপে নিয়োগের আবেদন প্রক্রিয়া শুরু হবে আগামী ১৪ নভেম্বর থেকে এবং চলবে ২৭ নভেম্বর পর্যন্ত।

এর আগে গত ৫ নভেম্বর প্রথম ধাপের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়, যেখানে দেশের ছয় বিভাগ–রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল, সিলেট ও ময়মনসিংহ–এর জন্য মোট ১০ হাজার ২১৯টি শূন্য পদে নিয়োগের ঘোষণা দেওয়া হয়। ওই ধাপের অনলাইন আবেদন ৮ নভেম্বর শুরু হয়েছে এবং চলবে ২১ নভেম্বর পর্যন্ত।

চলতি বছরের ২৮ আগস্ট রাতে 'সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০২৫' জারি করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। পরে ৩১ আগস্ট গঠন করা হয় আট সদস্যের 'কেন্দ্রীয় প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ কমিটি'। কমিটির চেয়ারম্যান প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এবং সদস্যসচিব নীতি ও পরিচালনা বিভাগের পরিচালক। এ ছাড়া প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং সরকারি কর্ম কমিশনের প্রতিনিধিরাও এতে অন্তর্ভুক্ত আছেন।

পরে ২ নভেম্বর সংশোধিত 'সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০২৫' প্রকাশ করা হয়। সংশোধিত বিধিমালায় নবসৃষ্ট সংগীত ও শরীরচর্চা শিক্ষক পদ বাদ দেওয়া হয়েছে। পাশাপাশি কয়েকটি শব্দগত পরিবর্তনও আনা হয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।